# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ১২৪২

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭. মাগরিবের সালাতের ওয়াক্তকে পিছিয়ে দেয়া মাকরূহ

بَاب كَرَاهِيَةِ تَأْخِيرِ الْمَغْرِبِ

### আরবী

أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى عَنْ عَبَّادِ بْنِ الْعَوَّامِ عَنْ عُمَرَ بْنِ إِبْرَاهِيمَ عَنْ قَتَادَةَ عَنْ الْحَسَنِ عَنْ الْأَحْنَفِ بْنِ قَيْسٍ عَنْ الْعَبَّاسِ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَا تَزَالُ أُمَّتِي بِخَيْرٍ مَا لَمْ يَنْتَظِرُوا بِالْمَغْرِبِ اشْتِبَاكَ النُّجُومِ

### বাংলা

১২৪২. আব্বাস হতে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে, তিনি বলেন: “আমার উম্মত ততদিন পর্যন্ত কল্যাণের উপর থাকবে, যতদিন পর্যন্ত তারা তারকারাজি চমকানো পর্যন্ত মাগরিবের বিলম্বিত করবে না।[1]

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ। আমর ইবনু ইবরাহীম আল আবদী সম্পর্কে ইমাম আহমদ বলেছেন: সে কাতাদা হতে অনেকগুলি মুনকার হাদীস বর্ণনা করে।... আর ইবাদ ইবনু আওয়াম তার সূত্রে মুনকার হাদীস তথা এ হাদীসটি বর্ণনা করেছেন।....

তাখরীজ: ইবনু মাজাহ ৬৮৯; বাযযার নং ১৩০৫; ইবনু আদী, আল কামিল ৫/১৭০১; উকাইলী, আয যু’আফা’ ৩/১৪৭; হাকিম সহীহ শাহিদ হিসেবে ১/১৯১; বাইহাকী ১/৪৪৮; খতীব, তারীখ বাগদাদ ১/৪০৫;তাবারাণী, আস সগীর ১/২৮; আওসাত ১৭৯১।

তবে এর শাহিদ হাদীস রয়েছে আবু আইয়্যুব আনসারী রা: হতে আহমদ ৪/১৪৭, ৫/৪১৭,৪২২; আবু দাউদ ৪১৮ সহীহ সনদে। হাকিম ও যাহাবী সহীহ বলেছেন, দেখুন,ইলালুল হাদীস ১/১৭৭ নং ৫০৬।

এর অপর শাহিদ সাইব ইবনু ইয়াযীদ হতে বাইহাকী ১/৪৪৮; খতীব, তারীখ বাগদাদ ১৪/১৪ সহীহ সনদে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আব্বাস ইবনু আবদুল মুত্তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81525

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন